## কর্ণফুলী উপজেলার আইসিটি কমিটির অক্টোবর/২০১৯ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : সৈয়দ শামসুল তাবরীজ, উপজেলা নির্বাহী অফিসার, কর্ণফুলী, চট্টগ্রাম।
সদস্য-সচিব: সৈয়দ মোহাম্মদ মিরাজ হোসেন, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কর্ণফুলী, চট্টগ্রাম।
স্থান : উপজেলা সেমিনার কক্ষ, কর্ণফুলী, চট্টগ্রাম ।
তারিখ : ৩১ অক্টোবর ২০১৯ খ্রিঃ

উপস্থিতি তালিকা ঃ পরিশিষ্ট- "ক" তে সংযুক্ত।

সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি সরকারি যে কোন সেবা গ্রহণের ক্ষেত্রে নাগরিকগণের যাতে সময়,খরচ ও ভিজিট কম হয় সেদিকে লক্ষ্য রাখার জন্য উপজেলা আইসিটি কমিটির সদস্যবৃন্দের দৃষ্টি আকর্ষণ করেন। সভায় উপস্থিত সদস্যগণ তাদের গৃহীত সমস্যা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন এবং আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয় ঃ-

১। সভার আলোচনা এবং সিদ্ধান্ত ঃ

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১.১ | উপজেলা ও ইউনিয়ন এর ওয়েব পোর্টালের তথ্য ঃ<br>উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ওয়েব পোর্টাল সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে বলা হয়। | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কর্ণফুলী, চট্টগ্রাম |
| ১.২ | উপজেলা পর্যায়ে ই-নথি বাস্তবায়নঃ<br>সভায় ই-নথি সম্পর্কে সহকারী প্রোগ্রামার উপস্থিত সদস্যদের উৎসাহিত করেন।<br>বর্তমানে শুধুমাত্র উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় লাইভে আছে। | পর্যায়ক্রমে প্রত্যেকটি অফিস ই-নথি বাস্তবায়ন করবে এবং সহকারী প্রোগ্রামার কারিগরি সহায়তা প্রদান করবে। | সকল দপ্তরের দপ্তর প্রধান এবং সহকারী প্রোগ্রামার |
| ১.৩ | ইউডিসি আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য আপলোড ঃ<br>ইউডিসি আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য আপলোড এর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সামাজিক নিরাপত্তা বেষ্টনীর বিভিন্ন ভাতা(মাতৃত্বকালীন ভাতা,বয়স্ক ভাতা,বিধবা ভাতা,প্রতিবন্ধী ভাতা,হতদরিদ্র ভাতা,ইজিপিপি, এলজিএসপি) ও অন্যান্য প্রকল্পের অর্থ কর্ণফুলী উপজেলার সকল ইউডিসি থেকে জনগনকে সেবা প্রদানের ব্যাপারে আলোচনা হয়। | উদ্যোক্তাগণকে ইউডিসি আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য আপলোড এর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে বলা হয়। ইউডিসি থেকে সামাজিক নিরাপত্তা বেষ্টনীর বিভিন্ন ভাতা ও অন্যান্য প্রকল্পের অর্থ প্রদানের ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হবে। | উপজেলা নির্বাহী অফিসার , সহকারী প্রোগ্রামার ,চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ ও সংশ্লিষ্ট উদ্যোক্তাগণ |
| ১.৪ | উপজেলা আইসিটি সভায় উপজেলা সহকারী প্রোগ্রামারের উপস্থিতি ঃ | সহকারী প্রোগ্রামার সভায় উপস্থিত থেকে উপজেলা আইসিটি কমিটির সভার সদস্য সচিব হিসাবে দায়িত্ব পালন করবেন, উপজেলার আইসিটি বিষয়ক সমস্যা ও সম্ভাবনা নিয়ে আলোচনা করবেন এবং তা উপজেলা আইসিটি কমিটির সভায় আলোকপাত করবেন" মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কর্ণফুলী, চট্টগ্রাম |
| ১.৫ | উপজেলা আইসিটি কমিটির সভার অনুষ্ঠান ঃ<br>উপজেলা আইসিটি কমিটির সভা নিয়মিত | উপজেলা আইসিটি কমিটির সভা নিয়মিতভাবে অনুষ্ঠান এবং কমিটির সকল সদস্যের উপস্থিতি | উপজেলা নির্বাহী অফিসার, সহকারী |

| | | | |
|---|---|---|---|
| | অনুষ্ঠানের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রোগ্রামার |
| ১.৬ | উপজেলা উদ্যোক্তাদের তথ্যঃ<br>এ বিষয়ে বিস্তারিত আলোচনাকালে উপজেলা সহকারী প্রোগ্রামার জানান যে, ১০ জন উদ্যোক্তার মধ্যে শিকলবাহা ইউনিয়নে ২ জন , বড় উঠান ইউনিয়নে ২ জন , জুলধা ইউনিয়নে ২ জন, চরলক্ষ্যা ইউনিয়নে ২ জন চরপাথরঘাটা ইউনিয়নে ২ জন | ইউডিসি উদ্যোক্তাগণ তাদের ইউডিসির কার্যক্রম সঠিকভাবে পরিচালনা ও ইউনিয়ন ওয়েব পোর্টালের তথ্য নিয়মিত হালনাগাদ করছেন কিনা সহকারী প্রোগ্রামারকে সে সম্পর্কে প্রতি মাসে উপজেলা নির্বাহী অফিসারের নিকট একটি প্রতিবেদন দাখিল করার জন্য বলা হয় । | উপজেলা নির্বাহী অফিসার / চেয়ারম্যান, উপজেলা পরিষদ / সহকারী প্রোগ্রামার / চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ / উদ্যোক্তা, সংশ্লিষ্ট ইউনিয়ন ডিজিটাল সেন্টার |
| ১.৭ | উদ্যোক্তাদের আর্থিক লেনদেন সংক্রান্ত ঃ<br>এ বিষয়ে বিস্তারিত আলোচনাকালে জানা যায় যে, উদ্যোক্তাগণ এজেন্ট ব্যাংকিং সেবার জন্য এনআরবি কমার্শিয়াল ব্যাংকের পরিবর্তে ব্যাংক এশিয়ার সেবা গ্রহনে আগ্রহ প্রকাশ করেন। | বিষয়টি বাস্তবায়ন সম্ভব এবং তা সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হয়। | উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী প্রোগ্রামার |
| ১.৮ | শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন ঃ<br>এ বিষয়ে বিস্তারিত আলোচনাকালে উপজেলা সহকারী প্রোগ্রামার জানান যে, ২ টি শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব রয়েছে | পরিদর্শন চলমান রয়েছে। পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কর্ণফুলী, চট্রগ্রাম |
| ১.৯ | ইনোভেশন আইডিয়া ঃ সহকারী প্রোগ্রামার ইনোভেশন আইডিয়া সম্পর্কে আলোচনা করেন এবং বিভিন্ন দপ্তরের অফিসারদের ইনোভেশন সম্পর্কে উৎসাহিত করেন । | প্রত্যেক দপ্তর দপ্তরের সেবা সহজীকরণের জন্য বিভিন্ন ধরনের ইনোভেশন আইডিয়া গ্রহণ ও বাস্তবায়ন করার চেষ্টা করবে। | সকল দপ্তরের দপ্তর প্রধান |

০২। ইউডিসি পরিদর্শন সংক্রান্ত ঃ

২.১ । উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী প্রোগ্রামার কর্তৃক ইউডিসি পরিদর্শন/ দর্শন ও অন্যান্য তথ্য ঃ

| ক্র ঃ নং | উপজেলা | উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠানের তারিখ | | ইউডিসি | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সভা অনুষ্ঠানের তারিখ | সভার কার্যবিবরণী প্রেরণ করা হয়েছে কিনা | মোট ইউডিসি | ইউএনও কর্তৃক পরিদর্শন | সহকারী প্রোগ্রামার কর্তৃক পরিদর্শন | ইউডিসি এর আগস্ট মাসের মাসিক মোট আয় টাকা | ইউডিসি হতে মোট সেবা গ্রহীতা | অন্যান্য প্রশিক্ষণ |
| ০১ | কর্ণফুলী | ৩১/১০/২০১৯ | হ্যাঁ | ০৫ টি | ০৪ টি | ০১ টি | ৯৬২৫০/- | ২৬৮০জন | |

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

৩১/১০/২০১৯
(সৈয়দ শামসুল তাবরীজ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি
কর্ণফুলী,চট্টগ্রাম।
মোবাইল ঃ ০১৭১৫১৪৭২৫৬
ইমেইলঃ unokarnafuli@mopa.gov.bd

স্মারক নং : ৫৬.০৪.১৫৩৯.০০০.০৬.০০১.১৯- ০৫ তারিখ : ৩১ অক্টোবর ২০১৯ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ-

০১। মাননীয় সংসদ সদস্য, চট্টগ্রাম-১৩
০২। সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
০৩। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম ।
০৫। জেলা প্রশাসক, চট্টগ্রাম ।
০৬। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কর্ণফুলী,চট্টগ্রাম ।
০৭। উপজেলা নির্বাহী অফিসার, কর্ণফুলী,চট্টগ্রাম ।
০৮। সহকারী প্রোগ্রামার , তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কর্ণফুলী,চট্টগ্রাম ।
০৯। উপজেলা -------------------------- -------কর্মকর্তা, কর্ণফুলী,চট্টগ্রাম ।
১০। চেয়ারম্যান --------------------------- ইউনিয়ন পরিষদ, কর্ণফুলী,চট্টগ্রাম ।
১১। উদ্যোক্তা-------------------------------- ইউনিয়ন ডিজিটাল সেন্টার, কর্ণফুলী,চট্টগ্রাম ।
১২। অফিস কপি

Meraz
31/10/2019
(সৈয়দ মোহাম্মদ মিরাজ হোসেন)
সহকারী প্রোগ্রামার
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি কমিটি
কর্ণফুলী,চট্টগ্রাম।
মোবাইল ঃ ০১৭৪৭১৩৯৯৯৩
ইমেইলঃmerazdoict2019@hotmail.com